# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৬) সংখ্যা ১৩

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ১৩ তম সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৮টি বিভাগের ৫৮টি জেলায় ৫৩০ অফিস ও প্রায় ৫,৮৯০ জন জনবল দ্বারা ২৬ টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীন নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় এপ্রিল-জুন ২০২৬ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' ১৩ তম সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


## সম্পাদনায়ঃ

**সম্পাদক ঃ**

**ড. খন্দকার আলমগীর হোসেন,** ক্যাপস্টোন ফেলো-এনডিসি
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**

**ড. মোঃ মাহবুব আলম,** সিনিয়র পরিচালক

**মোহাম্মাদ আরমান হোসেন,** উপ-পরিচালক

**মোঃ জিয়া উদ্দিন সরদার**

সহকারী পরিচালক, কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**

**কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ**

**গ্রাম উন্নয়ন কর্ম (গাক)**

**গাক টাওয়ার, বনানী, বগুড়া।**



E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999





## গাক'র নির্বাহী পরিচালকের ক্যাপস্টোন ফেলো স্বীকৃতি

গর্ব ও আনন্দের এক গৌরবময় মুহূর্তে গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন বাংলাদেশ ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি)-এর মর্যাদাপূর্ণ ক্যাপস্টোন ফেলো হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি লাভ করেছেন। এই মর্যাদাপূর্ণ স্বীকৃতি তাঁর গতিশীল নেতৃত্ব, কৌশলগত চিন্তাভাবনা এবং জাতীয় উন্নয়নে অবদানের প্রতি গভীর নিষ্ঠার প্রতিফলন। যথাযথ মর্যাদা ও সম্মানের সঙ্গে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান তাঁর হাতে মর্যাদাপূর্ণ ক্রেস্ট ও সনদ তুলে দেন। অনুষ্ঠানে ন্যাশনাল ডিফেন্স কলেজের কমান্ড লেফটেন্যান্ট জেনারেল মোঃ ফয়জুর রহমানের উপস্থিতি আয়োজনটিকে আরও তাৎপর্যপূর্ণ করে তোলে। এই অর্জন গাক-এর সম্মানিত নির্বাহী পরিচালকের জন্য শুধুমাত্র একটি ব্যক্তিগত মাইলফলকই নয়; বরং এটি একটি অধিকতর নিরাপদ, স্থিতিশীল ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে তাঁর অবিচল অঙ্গীকারের প্রতিফলন। ক্যাপস্টোন কোর্সে তাঁর অংশগ্রহণ এবং পরবর্তীতে এই স্বীকৃতি অর্জন জাতীয় অগ্রাধিকার ও কৌশলগত উন্নয়ন লক্ষ্যের সঙ্গে তাঁর দৃঢ় সম্পৃক্ততার বহিঃপ্রকাশ। ক্যাপস্টোন ফেলো হিসেবে স্বীকৃতি লাভ ড. খন্দকার আলমগীর হোসেনের জন্য এক অসাধারণ অর্জন এবং গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর জন্য অত্যন্ত গর্বের বিষয়। এটি জাতীয় উন্নয়নে সংস্থাটির অব্যাহত অবদানকে তুলে ধরে এবং বাংলাদেশের সামাজিক ও অর্থনৈতিক অগ্রগতিতে কার্যকর ভূমিকা পালনে সংস্থার নেতৃত্বের অবস্থানকে আরও সুদৃঢ় করেছে। এই গৌরবময় অর্জনে গাক-এর সকল কর্মকর্তা-কর্মচারী অত্যন্ত গর্বিত ও আনন্দিত।

## গাক'র নির্বাহী পরিচালক মহোদয়ের NDC হতে Capstone Fellow স্বীকৃতি অর্জনে অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা



গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর সম্মানিত প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন মহোদয় National Defense College (NDC) হতে Capstone Fellow অর্জন করায় সংস্থার সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পক্ষ থেকে তাঁকে জানাই আন্তরিক অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা। তাঁর এই গৌরবোজ্জ্বল অর্জন কেবল ব্যক্তিগত সাফল্য নয়, বরং পুরো প্রতিষ্ঠানের জন্য এক অনন্য সম্মানের বিষয়। তাঁর প্রজ্ঞা, দূরদর্শী নেতৃত্ব এবং অবিচল অঙ্গীকার আমাদের এগিয়ে যাওয়ার পথকে আরও সুদৃঢ় ও আলোকিত করবে-এমনটাই আমাদের দৃঢ় বিশ্বাস। আমরা তাঁর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং ভবিষ্যতের আরও সাফল্য কামনা করি।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৬) সংখ্যা ১৩




## গাক চক্ষু হাসপাতালের উদ্যোগে বিনামূল্যে চক্ষু চিকিৎসা ক্যাম্প কর্মসূচি অনুষ্ঠিত

গাক চক্ষু হাসপাতালের উদ্যোগে মীর শাহে আলম ফাউন্ডেশন এর আয়োজনে ১৩ এপ্রিল ২০২৬ ইং তারিখে শিবগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, বগুড়া এবং মোকামতলা বালিকা উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, বগুড়ায় দিনব্যাপী বিনামূল্যে চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ২টি ক্যাম্পে ফ্রি চক্ষু সেবা প্রদানের পাশাপাশি ছানি রোগী বাছাই করে গাক চক্ষু হাসপাতালে বিনামূল্যে চক্ষু অপারেশন করা হবে। সকাল ১০:৩০ মিনিটে শুরু হওয়া এ ২টি কর্মসূচিতে প্রায় এক হাজার রোগী চক্ষু পরীক্ষা ও চিকিৎসা সেবা গ্রহণ করেন। এর মধ্যে ২০০ জন কে ছানি অপারেশন এর জন্য বাছাই করে গাক চক্ষু হাসপাতাল বগুড়ায় নিয়ে আসা হয়, যাদের অপারেশন পরের দিন সম্পন্ন হয়। উক্ত কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জননেতা মীর শাহে আলম, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। তিনি তার বক্তব্যে বলেন, সাধারণ মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে এ ধরনের মানবিক উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে দরিদ্র ও অসহায় ছানি রোগীদের বিনামূল্যে চক্ষু চিকিৎসা, ঔষধ, চশমা ও অপারেশনের জন্য গাক চক্ষু হাসপাতালের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ভবিষ্যতে এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান জানান। উক্ত ক্যাম্পে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক, গ্রাম উন্নয়ন কর্ম (গাক)। তিনি বলেন, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) দীর্ঘদিন ধরে দেশের গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে। স্বাস্থ্যসেবা, শিক্ষা ও সামাজিক উন্নয়নের বিভিন্ন কর্মসূচির মাধ্যমে গাক সাধারণ মানুষের পাশে থেকে কাজ করছে এবং ভবিষ্যতেও এ ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে। আরও বক্তব্য রাখেন ডাঃ এইচ.এস.এম রেজাউন্নবী মন্ডল, পরিচালক (মেডিকেল), গাক চক্ষু হাসপাতাল।



## বাংলাদেশ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করায় গাক'র পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন

শিক্ষা মন্ত্রণালয়ের সচিব হিসেবে বাংলাদেশ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের দায়িত্ব গ্রহণ করায় মোঃ দাউদ মিয়া এনডিসি মহোদয়কে গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন-ক্যাপস্টোন ফেলো-এনডিসি। তিনি এনডিসি মহোদয়ের নতুন দায়িত্বে সফলতা, সুস্বাস্থ্য ও সার্বিক কল্যাণ কামনা করেন পাশাপাশি তাঁর দূরদর্শী নেতৃত্বে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা খাত আরও সমৃদ্ধ ও গতিশীল হবে-এই প্রত্যাশা ব্যক্ত করেন।



## গাক কর্তৃক বাস্তবায়ীত PACE প্রকল্পের আওতায় Market Development of Fortified Eggs and Safe Meat of Native Chicken উপ-প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়িত আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে Promoting Agricultural Commercialization and Enterprises (PACE) Project এর আওতায় "Market Development of Fortified Eggs and Safe Meat of Native Chicken" শীর্ষক উপ-প্রকল্পটি ২০২৩ সালে সফলভাবে বাস্তবায়িত হয়েছে। উক্ত প্রকল্পের ফলাফল মূল্যায়নে ইফাদ ও পিকেএসএফ'র উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। ইফাদ ও পিকেএসএফ এর প্রতিনিধিবৃন্দ বেলা ৯.০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয় গাক টাওয়ার, বনানী, বগুড়াতে আগমন করেন এবং আগত অতিথিবৃন্দকে সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম অভ্যর্থনা জ্ঞাপন করেন। এরপর তাঁর সভাপতিত্বে প্রধান কার্যালয়ের বোর্ড রুমে সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাদের অংশগ্রহণে একটি মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় ইফাদ এর প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন Mikal Khan, Evaluation Officer; Hasib Ahmed, Consultant, এবং Dr. Farhana Nargis, Consultant। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন ডা. এরফান আলী, ভ্যালু চেইন প্রজেক্ট ম্যানেজার, ড. এসএম ফারুক উল আলম, সেক্টর ভ্যালু চেইন স্পেশালিস্ট এবং গাক'র যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ রাফিউল ইসলাম। মতবিনিময় সভায় গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার PACE প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের উপর একটি বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করেন।



## গাক'র উদ্যোগে মৎস্য খাতে প্রদর্শনী সহায়ক হিসেবে মাছের পোনা ও অন্যান্য উপকরণ বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) -এর আর্থিক ও কারিগরি সহায়তায় Agro-Microenterprise Development ইউনিট (মৎস্য খাত)-এর কার্যক্রমের অংশ হিসেবে নির্বাচিত সদস্যদের মাঝে প্রদর্শনী সহায়ক হিসেবে মাছের পোনা ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়েছে। এ কার্যক্রমের আওতায় ৫ জন সদস্যকে গলদা চিংড়ি চাষ সম্প্রসারণ ও উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে গলদা চিংড়ির পিএল (Post Larvae), পাথুরে চুন, রাসায়নিক সার এবং সাইনবোর্ড প্রদান করা হয়। এই সহায়তা প্রদানের মাধ্যমে আধুনিক ও লাভজনক মৎস্য চাষ প্রযুক্তির সম্প্রসারণ, উৎপাদনশীলতা বৃদ্ধি, প্রদর্শনী প্লট স্থাপন এবং উদ্যোক্তা সদস্যদের আয় বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। গাক কৃষি ও মৎস্য খাতের টেকসই উন্নয়ন এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখবে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৬) সংখ্যা ১৩




## বগুড়ায় জেলা প্রশাসক ও স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে সামাজিক নিরীক্ষার ফলাফল উপস্থাপন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

১১ মে সকাল ১১ টায় বগুড়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) ও গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর যৌথ উদ্যোগে নাগরিকতা-সিভিক এনগেজমেন্ট ফান্ডের আওতায় বাস্তবায়নাধীন "সাম্য ও সমতার বাংলাদেশ: জনগণের অংশগ্রহণে টেকসই উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে সামাজিক নিরীক্ষার ফলাফল উপস্থাপনে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বগুড়া জেলার শাজাহানপুর, শিবগঞ্জ, সারিয়াকান্দি ও গাবতলী উপজেলায় সামাজিক সুরক্ষা, স্বাস্থ্যসেবা, দুর্যোগ ব্যবস্থাপনা, কৃষি ও জীবিকা, কিশোর অপরাধ এবং প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা বিষয়ক পরিচালিত সামাজিক নিরীক্ষার ফলাফল উপস্থাপন করা হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. তৌফিকুর রহমান। এছাড়া সভায় উপস্থিত ছিলেন বগুড়া জেলার সিভিল সার্জন মো. খুরশীদ আলম, স্থানীয় সরকারের উপ-পরিচালক রাজিয়া সুলতানা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মেজবাউল করিমসহ বিভিন্ন খাতভিত্তিক জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তা, স্থানীয় কর্তৃপক্ষের প্রতিনিধি এবং সিটিজেনস গ্রুপের সদস্যবৃন্দ। উক্ত মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন সিপিডি-এর অতিরিক্ত পরিচালক অভ্র ভট্টাচার্য, সিনিয়র রিসার্চার ও প্রকল্প কোঅর্ডিনেটর ড. দ্বিজেন মল্লিক, প্রকল্প পরামর্শক মোজাহিদুল ইসলাম, মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন অ্যাসোসিয়েট মো. জাওয়াদুল করিম, গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর সহকারী পরিচালক মোঃ জিয়াউদ্দিন সরদার সহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিনিধিবৃন্দ।




## গাক কর্তৃক বাস্তবায়নাধীন SMART প্রকল্পের "Training on Climate Vulnerability and Climate Resilient RECP" প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন, বিশ্বব্যাংক ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়ন ও কারিগরি সহায়তায় ০৬ জুন ২০২৬ ইং তারিখে SMART প্রকল্পের "Training on Climate Vulnerability and Climate Resilient RECP" সকাল ০৯.৩০ ঘটিকায় গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় দিন ব্যাপী এই প্রশিক্ষণের আয়োজন করা হয়। SMART প্রকল্পের "Mini Garments" সাব-সেক্টর এর অধীন "Promoting Sustainable Mini Garments Through RECP Practices" উপ-প্রকল্পের আওতায় প্রকল্পের কর্ম এলাকায় অন্তর্ভুক্ত SMART প্রকল্পের মোট ২৫ জন ক্ষুদ্র উদ্যোক্তা নিয়ে প্রশিক্ষণটি আয়োজন করা হয়। প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন গাক'র উপ-পরিচালক মোহাম্মাদ আরমান হোসেন। প্রশিক্ষণে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি, পরিবেশ ব্যবস্থাপনা, দূষণ নিয়ন্ত্রণ, পরিবেশ বান্ধব প্রযুক্তি এবং শোভন কর্ম পরিবেশের মাধ্যমে উদ্যোক্তাদের সম্পদ সাশ্রয়ী পরিচ্ছন্ন উৎপাদনসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণে প্রকল্পের কর্মকর্তাবৃন্দসহ রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন মোঃ শফিউল আল আজিজ, চীফ ইন্সট্রাক্টর, বিপিআই এবং কাজী মোঃ রাশেদুল হাসান, সহকারী অধ্যাপক, শাহ সুলতান কলেজ, বগুড়া। প্রশিক্ষণে পরিবেশ ও জলবায়ু কি, জলবায়ু পরিবর্তনের প্রভাব, দূষণের কারণ ও প্রতিকার, এবং পরিবেশবান্ধব উপায়ে মিনি গার্মেন্টস প্রোডাকশনের কৌশল নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়।




## গাক'র বাস্তবায়নে Special Program-Development (Agriculture) এর মৎস্য খাতের আওতায় "বাজার সংযোগ কর্মশালা" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর বাস্তবায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (PKSF) এর আর্থিক ও কারিগরি সহায়তায় Special Program-Development (Agriculture) প্রকল্পের মৎস্য খাতের আওতায় ১৪ মে ২০২৬ তারিখে গাক টাওয়ার, বনানী, বগুড়াস্থ প্রকল্প কার্যালয়ে "বাজার সংযোগ কর্মশালা" অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার প্রধান উদ্দেশ্য ছিল মৎস্য খাতের উদ্যোক্তা, উৎপাদক ও সংশ্লিষ্ট ব্যবসায়ীদের মধ্যে কার্যকর বাজার সংযোগ স্থাপন, আধুনিক বিপণন কৌশল সম্পর্কে ধারণা প্রদান এবং মৎস্য উৎপাদন ও বাজারজাতকরণ ব্যবস্থাকে আরও গতিশীল ও লাভজনক করে তোলা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বি.সি.এস (মৎস্য) মোঃ গোলাম মোর্শেদ। তিনি তার বক্তব্যে মৎস্য খাতের বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনা, নিরাপদ মাছ উৎপাদন, আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং বাজার সম্প্রসারণের বিভিন্ন দিক নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর মৎস্য কর্মকর্তা মোঃ রবিউল আলম সহ প্রকল্পের সহকারী কর্মকর্তাগণ।




## গাক কর্তৃক "বিশ্ব দুগ্ধ দিবস-২০২৬ উদযাপন": "দুগ্ধ উৎপাদনে নারী খামারি, উন্নয়নের অগ্রযাত্রা"

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর বাস্তবায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় Special Program- Development (Agriculture) -এর আওতায় বিশ্ব দুগ্ধ দিবস-২০২৬ উপলক্ষে "দুগ্ধ উৎপাদনে নারী খামারি, উন্নয়নের অগ্রযাত্রা" শীর্ষক বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা ১০ জুন ২০২৬ তারিখে মহিপুর কলোনী উচ্চ বিদ্যালয় শেরপুর, বগুড়ায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অত্র স্কুল এর নারী শিক্ষার্থী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, অন্যান্য শিক্ষার্থী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে একটি বর্ণাঢ্য র‍্যালি আয়োজিত হয়, যা দুগ্ধ খাতের উন্নয়ন, নিরাপদ দুধ উৎপাদন এবং নারী খামারিদের অবদান সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করে। পরবর্তীতে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. জাহিদুর রহমান, ভেটেরিনারি সার্জন, শেরপুর প্রাণিসম্পদ অফিস। সার্বিকভাবে অনুষ্ঠানটি নারী খামারিদের উৎসাহিত করা, দুগ্ধ উৎপাদন বৃদ্ধি এবং টেকসই গ্রামীণ উন্নয়নে সচেতনতা সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

গাক

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৬) সংখ্যা ১৩




## গাক'র উদ্যোগে মৎস্য খাতে প্রদর্শনী সহায়ক উপকরণ বিতরণ ও কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর বাস্তবায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় Agro-Microenterprise Development ইউনিট (মৎস্য খাত)-এর কার্যক্রমের অংশ হিসেবে নির্বাচিত ৫ জন সদস্যদের মাঝে "বাণিজ্যিক ভিত্তিতে অণু পুষ্টিসম্পন্ন দেশীয় জাতের মাছ চাষে উদ্যোক্তা তৈরিতে সহায়তা" প্রদর্শনী সহায়ক উপকরণ হিসাবে দেশি মাগুর মাছের পোনা, ট্যাংরা মাছের পোনা, পাথুরে চুন, রাসায়নিক সার ও সাইনবোর্ড বিতরণ করা হয়। এ সময় উক্ত কার্যক্রম পরিদর্শন করেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সিনিয়র পরিচালক মোঃ মাহাবুব আলম। তিনি উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সদস্যদের দিকনির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন।




## গাক'র উদ্যোগে কার্প ফ্যাটেনিং বিষয়ে ফলাফল প্রদর্শন ও প্রতিরূপায়ণ সভা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর বাস্তবায়নে এবং পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় এগ্রো-মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট (মৎস্য খাতের) আওতায় "কার্প ফ্যাটেনিং প্রদর্শনী ও প্রতিরুপায়ন সভা" ১৭ জুন, ২০২৬ তারিখে খোট্টাপাড়া, শাজাহানপুর, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে অল্প সময়ে কিভাবে কার্প জাতীয় মাছ মোটাতাজাকরণ করা যায় এ বিষয়ে আলোচনা করা হয়। সেই সাথে চলতি অর্থবছর ২০২৫-২০২৬ ইং এ বাস্তবায়িত "উন্নত ব্যবস্থাপনায় বাণিজ্যিকভাবে জীবন্ত বড় মাছ (কার্প ফ্যাটেনিং) উৎপাদনে উদ্যোক্তা তৈরিতে সহায়তা" প্রদর্শনীভুক্ত সদস্য শিরিন বেগমের পুকুরে জাল টেনে অল্প সময়ে মাছের বৃদ্ধির হার উপস্থিত মাছ চাষিদের দেখানো হয়, যেখানে ২ মাসে ৫০০ গ্রাম ওজনের কার্প জাতীয় পোনা মাছ ১.৮-২.২ কেজি পর্যন্ত ওজন হয়েছে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক এর মৎস্য কর্মকর্তা মোঃ রবিউল আলম, সহকারী মৎস্য কর্মকর্তা মোঃ সাজ্জাদ হোসেন এবং অত্র এলাকার মাছ চাষিসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ।



## গাক'র আয়োজনে এগ্রো-মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট (ফসল খাত) ফলাফল প্রদর্শন ও প্রতিরুপায়ণ কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর বাস্তবায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় এগ্রো-মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট (ফসল খাত)-এর আওতায় ২৪ মে ২০২৬ তারিখে বগুড়ার শাজাহানপুর উপজেলার শেরকোল গ্রামে ফলাফল প্রদর্শন ও প্রতিরূপায়ণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাজাহানপুর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা কৃষিবিদ মোসাদ্দেক হোসেন শাওন। এছাড়াও গাক-এর কৃষি কর্মকর্তা কৃষিবিদ মাসুদ রানা প্রধান, সহকারী কৃষি কর্মকর্তা ফারজানা শাওরিনসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি, কৃষি উদ্যোক্তা, কৃষক ও অন্যান্য অংশীজন উপস্থিত ছিলেন। সভায় মালচিং পদ্ধতিতে বিভিন্ন ফসল উৎপাদন, আধুনিক ও জলবায়ু-সহনশীল কৃষি প্রযুক্তি, উত্তম কৃষি চর্চা, নিরাপদ ও পরিবেশবান্ধব উৎপাদন, জৈব বালাই দমন, আইওটি প্রযুক্তির ব্যবহার এবং নিরাপদ খাদ্য ও পারিবারিক পুষ্টি বিষয়ে আলোচনা করা হয়।



## গাক'র উদ্যোগে নিরাপদ সবজি উৎপাদনে কৃষকদের মাঝে আইপিএম উপকরণ বিতরণ

মেনোনাইট সেন্ট্রাল কমিটি (এমসিসি) বাংলাদেশ এর সহযোগিতায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কতৃক বাস্তবায়নাধীন পরিবেশ বান্ধব কৃষি ও এর ব্যবসায়িক গুরুত্ব (ফেইস-২) BIEFA প্রকল্পটি শাজাহানপুর উপজেলার আমরুল ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। ১৪ জুন ২০২৬ তারিখে উক্ত প্রকল্পের আওতায় নিরাপদ সবজি উৎপাদনের লক্ষ্যে কৃষকদের মাঝে আই পি এম টেকনোলজি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও ব্যবহারে উদ্বুদ্ধ করতে প্রকল্প এলাকায় উপ-পরিচালক, সোহেল মোঃ শামসুদ্দিন ফিরোজ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, বনানী, বগুড়া এর উপস্থিতিতে নির্বাচিত কৃষকদের মাঝে ট্রাইকো সার, মুরগির লিটার, ফেরোমন ট্রাপ, আঠালো ফাঁদ, জৈব বালাইনাশক, তুতে, ডার্মাসল পাউডার প্রভৃতি আইপি এম সামগ্রী বিতরণ করা হয়।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৬) সংখ্যা ১৩



## মিড ডে মিলে বাড়ছে শিক্ষার্থীদের উপস্থিতি

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP)-এর সহায়তায় স্কুল ফিডিং বা 'মিড ডে মিল' কর্মসূচি রাজশাহী বিভাগের ৮টি জেলার ১২টি উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাস্তবায়িত হচ্ছে। শিশুদের বিদ্যালয়মুখী করতে এবং তাদের এক বেলা পুষ্টিকর খাবার নিশ্চিত করতে চালু করা হয়েছে 'মিড ডে মিল' কর্মসূচি। বিদ্যালয়ে পুষ্টিকর খাবার পাওয়ায় শিক্ষার্থীদের মধ্যে বিদ্যালয়ে আসার আগ্রহ ও উপস্থিতি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। পুষ্টিকর খাবার গ্রহণের পাশাপাশি নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থেকে শিশুরা পড়াশোনায় আরও মনোযোগী হচ্ছে এবং তাদের শারীরিক ও মানসিক বিকাশে ইতিবাচক প্রভাব পড়ছে। ফলে স্কুল ফিডিং বা 'মিড ডে মিল' কর্মসূচি শিশুদের শিক্ষা ও পুষ্টি নিশ্চিত করার পাশাপাশি বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি বৃদ্ধিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।




## "১০ হাজার ছানি অপারেশন" লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অরবিস রিজিওনাল কো-অর্ডিনেশন মিটিং সফলভাবে অনুষ্ঠিত

গাক চক্ষু হাসপাতাল, বগুড়ার আয়োজনে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর পার্টনার প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে অরবিস রিজিওনাল কো-অর্ডিনেশন মিটিং সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। সভায় অরবিস প্রকল্পের আওতায় চলমান কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। পাশাপাশি কমিউনিটি পর্যায়ে চক্ষু সেবা সম্প্রসারণ, রোগী শনাক্তকরণ ও কার্যকর রেফারেল ব্যবস্থা জোরদার, আউটরিচ কার্যক্রমের উন্নয়ন, ছানি অপারেশনের সংখ্যা বৃদ্ধির কৌশল এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। এসময় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো তাদের অভিজ্ঞতা, চ্যালেঞ্জ এবং সফলতার বিভিন্ন দিক তুলে ধরেন, যা পারস্পরিক শিক্ষা, অভিজ্ঞতা বিনিময় এবং সমন্বয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আমরা বিশ্বাস করি, এ ধরনের সমন্বয় সভা পার্টনার প্রতিষ্ঠানগুলোর মধ্যে সুদৃঢ় সম্পর্ক ও কার্যকর যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে অরবিসের "১০ হাজার ছানি অপারেশন" লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সম্মিলিত প্রচেষ্টাকে আরও গতিশীল করবে।



## গাক'র উদ্যোগে নাগরিকতা কর্মসূচি: জনগণের অংশগ্রহণে "টেকসই উন্নয়ন" শীর্ষক কার্যক্রমের আওতায় ৪র্থ ত্রৈমাসিক সভা

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর বাস্তবায়নে নাগরিকতা কর্মসূচির আওতায় জনগণের অংশগ্রহণে "টেকসই উন্নয়ন" শীর্ষক কার্যক্রমের ৪র্থ ত্রৈমাসিক সভা বগুড়া জেলার গাবতলী, সারিয়াকান্দি, শাজাহানপুর ও শিবগঞ্জ উপজেলায় অনুষ্ঠিত হয়েছে। সভার মূল লক্ষ্য ছিল নাগরিক অংশগ্রহণ বৃদ্ধি, সুশাসন প্রতিষ্ঠা এবং স্থানীয় পর্যায়ে জবাবদিহিতা নিশ্চিত করা। সভা পরিচালনা করেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর নাগরিকতা কর্মসূচির মাঠ সমন্বয়কারী মোঃ রাইসুল ইসলাম। সভায় পূর্ববর্তী সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা, সামাজিক নিরীক্ষার ফলাফল উপস্থাপন, সেবার মান ও জবাবদিহিতা বৃদ্ধি, নারী, যুব ও প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়নে সিটিজেন গ্রুপ (সিজি)-এর ভূমিকা শক্তিশালীকরণ এবং সামাজিক সুরক্ষা কর্মসূচি (SSNPs) সম্পর্কে তথ্য বিনিময় করা হয়। এছাড়াও বন্যা ও নদীভাঙন মোকাবেলায় আগাম সতর্কতা ও সমন্বয় বৃদ্ধির বিষয়েও আলোচনা অনুষ্ঠিত হয়। শিবগঞ্জ উপজেলার সিটিজেন গ্রুপ (সিজি) সদস্য ও কমিউনিটি ভলেন্টিয়াররা (CVs) গত তিন মাসের বিভিন্ন ইতিবাচক কার্যক্রম তুলে ধরেন। তারা জানান, এ সময় এলাকায় কোনো বাল্যবিবাহ সংঘটিত হয়নি, যা একটি উল্লেখযোগ্য অর্জন। পাশাপাশি হাম টিকা বিষয়ে সচেতনতা বৃদ্ধি, রাস্তা সংস্কার এবং শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপণের মতো জনকল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। গাবতলী উপজেলায় সিটিজেন গ্রুপের উদ্যোগে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালিত হয়েছে। নিম্নমানের উপকরণ দিয়ে রাস্তা নির্মাণ বন্ধ করে মানসম্মত কাজ নিশ্চিত করা, মাদকবিরোধী উদ্যোগ গ্রহণ, বর্ষাকালে পানি নিষ্কাশনে সহায়তা এবং দরিদ্র কৃষকদের কৃষি উপকরণ সহায়তা প্রদানের বিষয়গুলো সভায় তুলে ধরা হয়।



## গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম কর্তৃক গাক চক্ষু হাসপাতাল পরিদর্শন

গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন এবং চিকিৎসাসেবার মান, রোগী ব্যবস্থাপনা ও সার্বিক কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। পাশাপাশি তিনি আগত রোগীদের সঙ্গে সরাসরি কথা বলে তাদের চিকিৎসাসেবা গ্রহণের অভিজ্ঞতা ও সন্তুষ্টির বিষয়ে খোঁজখবর নেন। হাসপাতালের সার্বিক কার্যক্রম ও সেবার মান দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন। তাঁর এই পরিদর্শন হাসপাতালের সকল কর্মকর্তা-কর্মচারীকে আরও দায়িত্বশীলতা, আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে কাজ করতে অনুপ্রাণিত করবে। গাক চক্ষু হাসপাতাল মানুষের দৃষ্টিশক্তি রক্ষা ও উন্নত, মানসম্মত ও মানবিক চক্ষু চিকিৎসাসেবা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

গাক

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৬) সংখ্যা ১৩



## গাক'র উদ্যোগে ৫ দিনব্যাপী ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর প্রশিক্ষণ ও উন্নয়ন বিভাগের আয়োজনে ফিল্ড অফিসারদের জন্য ৫ দিনব্যাপী "ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" গাক টাওয়ার, বনানী, বগুড়ার প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী ফিল্ড অফিসারদের ক্ষুদ্রঋণ কার্যক্রমের মৌলিক ধারণা, সদস্য নির্বাচন, ঋণ বিতরণ ও আদায়, সঞ্চয় ব্যবস্থাপনা, মাঠ পর্যায়ে কার্যক্রম পরিচালনা, গ্রাহকসেবা এবং দায়িত্বশীল ও কার্যকর ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনার বিভিন্ন বিষয় সম্পর্কে হাতে-কলমে ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন, ক্যাপস্টোন ফেলো-এনডিসি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। অতিথিবৃন্দ তাঁদের বক্তব্যে বলেন, দক্ষ, স্বচ্ছ ও জবাবদিহিমূলক ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনার মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে আরও কার্যকর অবদান রাখা সম্ভব। তাঁরা প্রশিক্ষণার্থীদের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা মাঠ পর্যায়ে বাস্তবায়নের মাধ্যমে সদস্যসেবা নিশ্চিত করার পাশাপাশি ক্ষুদ্রঋণ কার্যক্রমের গুণগত মান উন্নয়নে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীরা তাঁদের কর্মক্ষেত্রে অর্জিত জ্ঞান ও দক্ষতার কার্যকর প্রয়োগের মাধ্যমে ক্ষুদ্রঋণ কার্যক্রমকে আরও গতিশীল, সুশৃঙ্খল ও ফলপ্রসূ করে তুলবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।




## গাক'র উদ্যোগে SMART-প্রকল্পের আয়োজনে বিশ্ব পরিবেশ দিবস'২৬ উদযাপন

২৩ জুন ২০২৬, "জলবায়ু পরিবর্তন: আজকের পদক্ষেপ, আগামীর নিরাপত্তা" প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে নানা কর্মসূচির আয়োজন করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক)। বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ-এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় বাস্তবায়নাধীন Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) প্রকল্পের আওতায় মেশিনারি ও যন্ত্রাংশ উপ-প্রকল্পের উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়। দিবসটি উপলক্ষে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা, পরিবেশ সচেতনতা বৃদ্ধি বিষয়ক প্রচারণা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলমের সভাপতিত্বে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আতাউর রহমান, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জিয়াউর রহমান, নির্বাহী পরিচালক, স্বপ্ন। আরও উপস্থিত ছিলেন উপ-পরিচালক মোহাম্মদ আরমান হোসেন, সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার।




## গাক কর্তৃক আয়োজিত কুপ-মডেল পদ্ধতিতে দেশী মুরগি পালন বিষয়ক ফলাফল প্রদর্শন ও প্রতিরূপায়ণ সভা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর বাস্তবায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত Special Program - Development (Agriculture) এর আওতায় কুপ-মডেল পদ্ধতিতে কমন দেশী মুরগি পালন বিষয়ক ফলাফল প্রদর্শন ও প্রতিরূপায়ণ সভা ২৪ জুন, ২০২৬ তারিখে মোস্তাইল, শাজাহানপুর, বগুড়ায় অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ডা. আব্দুর রহমান, প্রাণিসম্পদ কর্মকর্তা, গাক। তিনি কুপ-মডেল পদ্ধতিতে দেশী মুরগি পালনের বিভিন্ন সুবিধা, উৎপাদন বৃদ্ধি, রোগ ব্যবস্থাপনা এবং লাভজনক খামার পরিচালনার কৌশল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও স্থানীয় উদ্যোক্তাগণ তাদের বাস্তব অভিজ্ঞতা ও সফলতার গল্প তুলে ধরেন, যা উপস্থিত খামারিদের মাঝে ব্যাপক আগ্রহ সৃষ্টি করে। সভায় অংশগ্রহণকারীরা দেশী মুরগি পালনকে আরও আধুনিক, নিরাপদ ও লাভজনক করার বিভিন্ন দিক সম্পর্কে ধারণা লাভ করেন। এই উদ্যোগ গ্রামীণ জনগোষ্ঠীর আয় বৃদ্ধি, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং টেকসই কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।



## গাক'র সিনিয়র পরিচালক কর্তৃক ইসিসিসিপি-ড্রট প্রকল্পের আওতায় পুনঃখননকৃত খাল ও পুকুর পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন গ্রিন ক্লাইমেট ফান্ড (Green Climate Fund)-এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর কারিগরি সহায়তায় "এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট (ইসিসিসিপি-ড্রট)"-এর আওতায় পুনঃখননকৃত খাল ও পুকুর পরিদর্শন করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। ২৮ এপ্রিল ২০২৬ তারিখে পরিদর্শনকালে তিনি প্রকল্পের অগ্রগতি, প্রকল্প বাস্তবায়নের গুণগত মান এবং জলসম্পদ সংরক্ষণ কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেন। এ সময় তিনি প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেন এবং কার্যক্রমের আরও কার্যকর বাস্তবায়ন, জলবায়ু সহনশীল অবকাঠামো উন্নয়ন, কৃষি উৎপাদন বৃদ্ধি এবং স্থানীয় জনগণের টেকসই জীবিকায়নে প্রকল্পের ইতিবাচক প্রভাব নিয়ে দিকনির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। ইসিসিসিপি-ড্রট প্রকল্পের আওতায় পুনঃখননকৃত খাল ও পুকুর স্থানীয় এলাকায় পানি সংরক্ষণ, সেচ সুবিধা সম্প্রসারণ, ভূগর্ভস্থ পানির ওপর নির্ভরতা হ্রাস এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গাক ভবিষ্যতেও অংশীদারদের সহযোগিতায় জলবায়ু সহনশীল ও টেকসই উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৬) সংখ্যা ১৩




## গাক'র আয়োজনে "ছোট উদ্যোগে মানব সক্ষমতার বিকাশ" স্লোগানে জব ফেয়ার ২০২৬-এর শুভ উদ্বোধন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর বাস্তবায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) প্রকল্পের আওতায় "জব ফেয়ার-২০২৬"-এর শুভ উদ্বোধন ২৫ জুন ২০২৬ তারিখে গাক টাওয়ার প্রাঙ্গণ, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জব ফেয়ার-২০২৬ উদ্বোধন করেন নবগঠিত বগুড়া সিটি কর্পোরেশনের মাননীয় প্রশাসক জনাব এম আর ইসলাম স্বাধীন। তিনি তাঁর বক্তব্যে বলেন, বর্তমান সময়ে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা এবং তরুণদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. আব্দুল মজিদ প্রামাণিক, মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন, ক্যাপস্টোন ফেলো- এনডিসি। সভাপতির বক্তব্যে তিনি বলেন অদ্য জব ফেয়ার ২০২৬ অনুষ্ঠানে ২০টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং ৬৫০ টি সিভি জমা হয় যার মধ্যে ইন্টারভিউয়ের মাধ্যমে আজকেই ১৮৮ জনের চাকুরী প্রদান করা হয় এবং বাকীদের নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ বিভিন্ন নিয়োগদাতা প্রতিষ্ঠানের স্টল পরিদর্শন করেন এবং অংশগ্রহণকারীদের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে চরাঞ্চলের ৩২ জন কৃষকদের মাঝে কৃষিযন্ত্রপাতি বিরতণ করা হয়।





## গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি) তে তিনটি ট্রেডের প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত

গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি)-এর উদ্যোগে ASSET-BWCCI Project-এর আওতায় পরিচালিত Graphics Design Level-3, Mobile Phone Servicing Level-2 Ges IT Support Service Level-3 ট্রেডের তিন মাসব্যাপী (৯০ দিন) প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন, ক্যাপস্টোন ফেলো- এনডিসি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। বক্তারা দক্ষ মানবসম্পদ গড়ে তোলা, কর্মমুখী কারিগরি শিক্ষা, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং তরুণদের প্রযুক্তিগত দক্ষতা উন্নয়নের গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানে জিআইটি-এর অধ্যক্ষ, প্রশিক্ষক, গাক-এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন। উক্ত সমাপনী আয়োজন কেক কাটা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শেষ হয়।




## গাক কর্তৃক আয়োজিত "নিরাপদ ডিম ও ডিমজাত পণ্যের গুণাগুণ বিষয়ে ক্যাম্পেইন" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর বাস্তবায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) -এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত Special Program - Development (Agriculture)-এর আওতায় নিরাপদ ডিম ও ডিমজাত পণ্যের গুণাগুণ বিষয়ে এক সচেতনতামূলক ক্যাম্পেইন ২৯ জুন ২০২৬ তারিখে বগুড়ার শাজাহানপুর উপজেলার সাজাপুর বেলপুকুর উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইনের শুরুতে নিরাপদ ডিম ও ডিমজাত পণ্য সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয় প্রাঙ্গণ ও আশপাশের এলাকায় একটি বর্ণাঢ্য সচেতনতামূলক র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিতে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, অতিথিবৃন্দ, গাক-এর কর্মকর্তা-কর্মচারী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফিরোজ আহমেদ খান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শাজাহানপুর উপজেলা, বগুড়া। ক্যাম্পেইনে নিরাপদ ডিম ও ডিমজাত পণ্যের পুষ্টিগুণ, স্বাস্থ্যগত উপকারিতা, উৎপাদন ও সংরক্ষণ পদ্ধতি এবং নিরাপদ খাদ্য গ্রহণের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।



## গাক চক্ষু হাসপাতালে চিকিৎসাসেবার মানোন্নয়নে চিকিৎসকদের সঙ্গে নির্বাহী পরিচালকের মতবিনিময় সভা

রোগীদের সর্বোচ্চ মানের চক্ষু চিকিৎসাসেবা নিশ্চিত করতে গাক চক্ষু হাসপাতাল নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সেবার গুণগত মান আরও উন্নয়ন, রোগীবান্ধব পরিবেশ নিশ্চিতকরণ, আধুনিক চিকিৎসা ব্যবস্থাপনা জোরদার এবং রোগীকেন্দ্রিক সেবার মান বৃদ্ধি করার লক্ষ্যে গাক চক্ষু হাসপাতালের চিকিৎসকদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন, ক্যাপস্টোন ফেলো- এনডিসি। তিনি হাসপাতালের চিকিৎসকদের সঙ্গে রোগীদের দ্রুত, নিরাপদ ও মানসম্মত সেবা প্রদান, চিকিৎসা কার্যক্রমের বিভিন্ন চ্যালেঞ্জ, রোগীর সন্তুষ্টি বৃদ্ধি, সেবার মান নিয়ন্ত্রণ এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত চিকিৎসকবৃন্দও সেবার মান আরও উন্নত করতে তাঁদের অভিজ্ঞতা, মতামত ও বিভিন্ন গঠনমূলক প্রস্তাব তুলে ধরেন। পারস্পরিক আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে হাসপাতালের সেবার গুণগত মান আরও সমৃদ্ধ করার বিষয়ে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করা হয়। গাক চক্ষু হাসপাতাল আধুনিক প্রযুক্তি, দক্ষ চিকিৎসক এবং মানবিক সেবার সমন্বয়ে সবার দোরগোড়ায় উন্নত ও নির্ভরযোগ্য চক্ষু চিকিৎসাসেবা পৌঁছে দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৬) সংখ্যা ১৩



## মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে গাক-এর নির্বাহী পরিচালকের সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময়

প্রধানমন্ত্রীর কার্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত "Revitalising State-Owned Enterprises" শীর্ষক গুরুত্বপূর্ণ সভায় অংশগ্রহণ করেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। সভায় অংশগ্রহণ শেষে ড. খন্দকার আলমগীর হোসেন মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় তিনি দেশের উন্নয়ন, অর্থনৈতিক অগ্রগতি এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে গৃহীত বিভিন্ন উদ্যোগ ও পরিকল্পনা নিয়ে মতবিনিময় করেন। মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায় বেসরকারি উন্নয়ন সংস্থা গুলোর ভূমিকা এবং জনগণের জীবনমান উন্নয়নে কার্যকর অংশীদারিত্বের বিষয়টিও গুরুত্ব বহন করে। উক্ত সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় ছিল অত্যন্ত আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ। এ সময় দেশের উন্নয়ন ও অগ্রগতির ধারাবাহিকতা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করা হয়।




## অরবিস ইন্টারন্যাশনালের দুই দিনব্যাপী প্রোগ্রেস রিভিউ মিটিং সফলভাবে সম্পন্ন

অরবিস ইন্টারন্যাশনালের উদ্যোগে আয়োজিত দুই দিনব্যাপী প্রোগ্রেস রিভিউ মিটিং সফলভাবে সম্পন্ন হয়েছে। এ গুরুত্বপূর্ণ আয়োজনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে গাক চক্ষু হাসপাতাল, বগুড়া, উত্তরা ও দিনাজপুর। সভায় কমপ্রিহেনসিভ ক্যাটারাক্ট সার্ভিসেস (Comprehensive Cataract Services) প্রকল্পের চলমান কার্যক্রম, রোগীসেবা, ছানি অপারেশনের অগ্রগতি, সেবার গুণগত মান, তথ্য ব্যবস্থাপনা, প্রতিবেদন প্রস্তুতকরণ এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত পর্যালোচনা ও মতবিনিময় অনুষ্ঠিত হয়। মিটিংয়ে উপস্থিত ছিলেন অরবিস ইন্টারন্যাশনাল-এর কান্ট্রি ডিরেক্টর ডা. মুনির, গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন, উপ-পরিচালক মোহাম্মাদ আরমান হোসেন, অরবিসের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, গাক চক্ষু হাসপাতাল বগুড়া, উত্তরা ও দিনাজপুর শাখার প্রতিনিধিসহ অংশগ্রহণকারী অন্যান্য হাসপাতালের প্রতিনিধিবৃন্দ।



## জিগ্যালোর-এর সাথে কেনাকাটা হোক সহজ, সাশ্রয়ী ও নির্ভরযোগ্য

আপনার দৈনন্দিন প্রয়োজনীয় পণ্য থেকে শুরু করে পছন্দের মানসম্মত সামগ্রী-সবকিছুই এখন সহজেই পাওয়া যাবে জিগ্যালোর-এ। আমরা বিশ্বাস করি, ভালো কেনাকাটার অভিজ্ঞতার ভিত্তি হলো আস্থা ও নির্ভরযোগ্যতা। তাই প্রতিটি পণ্যের মান নিশ্চিত করে, সাশ্রয়ী মূল্য, দ্রুত ও নিরাপদ ডেলিভারি এবং আন্তরিক গ্রাহকসেবার মাধ্যমে আমরাই আপনাকে দিচ্ছি নিশ্চিন্ত কেনাকাটার অভিজ্ঞতা। আপনার প্রয়োজনকে গুরুত্ব দিয়ে সর্বোচ্চ মানের সেবা পৌঁছে দেওয়াই আমাদের অঙ্গীকার। জিগ্যালোর-আপনার আস্থার ঠিকানা, নিশ্চিন্ত কেনাকাটার বিশ্বস্ত সঙ্গী।